

💵 মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ৫৫৪

মুসনাদে উসমান বিন আফফান (রাঃ) [উসমানের বর্ণিত হাদীস] (مسند عثمان بن عفان)

বাংলা

৫৫৪। হাদীস নং ৪২৯ দ্রষ্টব্য।

৪২৯। জনৈক আনসারী স্বীয় পিতা থেকে বর্ণনা করেন যে, উসমান (রাঃ) বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিভাবে ওয়ু করতেন, তা কি আমি দেখাবো না? লোকেরা বললোঃ হ্যাঁ, দেখান। তখন তিনি পানি আনতে বললেন, তারপর তিনবার কুলি করলেন, তিনবার নাকে পানি দিলেন, তিনবার মুখ ধুলেন, তিনবার দু'হাত ধুলেন, মাথা মাসেহ করলেন এবং তিনবার দু'পা ধুলেন। তারপর বললেনঃ তোমরা জেনে রেখ যে, কান দুটো মাথার অংশ। তারপর বললেন, আমি তোমাদের জন্য রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ওযূ সর্বোত্তমভাবে পর্যবেক্ষণ করেছি।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন